গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
পরিকল্পনা ইউনিট
(www.lawjusticediv.gov.bd)

নং- ১০.০০.০০০০.১১৭.১৪.২৩৭.২৪-৩৩৮

তারিখ: ২১/০৩/১৪৩৩ বঙ্গাব্দ
০৫/০৭/২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: 'মহানগর আদালতসমূহের জন্য ভবন নির্মাণ' প্রকল্পের স্থান নির্বাচন এবং আদালতসমূহের জনবল কাঠামো প্রেরণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খুলনা, রাজশাহী, রংপুর এবং সিলেট জেলায় দীর্ঘদিন যাবত মহানগর দায়রা জজ আদালত এবং চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতসমূহের কার্যক্রম শুরু হলেও এখন পর্যন্ত পৃথক আদালত ভবনের সংস্থান করা যায়নি। এজলাস শেয়ারিং করে জেলা ও দায়রা জজ আদালত ভবন এবং চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবনে মহানগর আদালতসমূহের কার্যক্রম চলমান রাখতে হচ্ছে। এ প্রেক্ষিতে, খুলনা, রাজশাহী, রংপুর ও সিলেট মহানগর আদালতসমূহের জন্য রেকর্ডরুমসহ নতুন আদালত ভবন নির্মাণ করা হবে।

এমতাবস্থায়, খুলনা, রাজশাহী, রংপুর এবং সিলেট মহানগর আদালতসমূহের জন্য বহুতল ভবন নির্মাণের নিমিত্তে সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গনে স্থান নির্বাচন করে এবং মহানগর দায়রা জজ আদালত এবং চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের জনবল কাঠামো প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৫-০৭-২০২৬
(মোহাম্মদ মেহেদী হাসান)
যুগ্মসচিব (পরিকল্পনা)
ফোন: ৯৫৪০৩৪৭

জেলা ও দায়রা জজ
খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

০১। মহানগর দায়রা জজ, খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট।
০২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
[দৃ:আ:তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প সার্কেল-২, ঢাকা]
০৩। প্রধান স্থপতি, স্থাপত্য ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট।
০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। নির্বাহী প্রকৌশলী, খুলনা গণপূর্ত বিভাগ, খুলনা (ডিজিটাল সার্ভে রিপোর্ট সরবরাহের অনুরোধসহ)।
০৮। নির্বাহী প্রকৌশলী, রাজশাহী গণপূর্ত বিভাগ, রাজশাহী (ডিজিটাল সার্ভে রিপোর্ট সরবরাহের অনুরোধসহ)।
০৯। নির্বাহী প্রকৌশলী, রংপুর গণপূর্ত বিভাগ, রংপুর (ডিজিটাল সার্ভে রিপোর্ট সরবরাহের অনুরোধসহ)।
১০। নির্বাহী প্রকৌশলী, সিলেট গণপূর্ত বিভাগ, সিলেট (ডিজিটাল সার্ভে রিপোর্ট সরবরাহের অনুরোধসহ)।
১১। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।